কুষ্টিয়ার ছেঁউড়িয়ায় এক দিনব্যাপী লালন স্মরণোৎসবের উদ্বোধন

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি বলেছেন, লালন ছিলেন নির্ভেজাল একজন ধার্মিক মানুষ।

লালন শাহের চিন্তা, চেতনা ও উন্নত দর্শন ছিলো মানবতার জন্য, সমাজের জন্য এবং দেশের জন্য। লালন শাহ ছিলেন মানবতাবাদী, সুফি সাধক। তিনি অসাধারণ, অসাম্প্রদায়িক মানুষ ছিলেন।

আজ রবিবার (২৪ মার্চ) বিকেলে কুষ্টিয়ার কুমারখালী উপজেলার ছেঁউড়িয়ায় আধ্যাত্মিক সাধক ফকির লালন শাহের একাডেমি মিলনায়তনে এক দিনব্যাপী লালন স্মরণোৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মাহবুবউল আলম হানিফ বলেন, একসময় যে সমাজে সাম্প্রদায়িকতা ছিলো, ধর্মের গোড়ামি ছিলো আমরা তা থেকে বেরিয়ে এসেছিলাম। কিন্তু আবারো আমরা সেই সমাজের দিকে এগিয়ে যাচ্ছি। যে সমাজের বিরুদ্ধে জাতির পিতা লড়াই করেছিলেন।

তিনি ধর্মনিরপেক্ষতা সম্পর্কে বলেছিলেন, ধর্ম যার যার, আমরা মানুষ হবো সবার। সেই কথাগুলো লালনও বলেছিলেন। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দর্শনের সঙ্গে লালনের দর্শনের অদ্ভুত মিল আমরা খুঁজে পাই। লালনের বাণী ও দর্শন সমাজের মধ্যে ছড়িয়ে দিতে হবে। লালনের দর্শন ধারণ করে আমাদের সোনার মানুষ হতে হবে, সুন্দর সমাজ গড়ে তুলতে হবে।

তিনি বলেন, আজকে আমাদের সমাজে চরম নৈতিকতার অবক্ষয়। মানুষের মধ্যে শ্রদ্ধাবোধ, আস্থা নেই। মানুষের নীতি-নৈতিকতা ও সততা আস্তে আস্তে শেষ প্রান্তে চলে এসেছে।

হানিফ বলেন, লালন শাহের যার মধ্যে প্রাতিষ্ঠানিক শিক্ষা তেমন ছিলো না কিন্তু অথচ সেই মানুষটি মানুষের বিবেক জাগ্রত করার জন্য অসংখ্য বাণী দিয়ে গেছেন। প্রতি বছর লালন স্মরণোৎসব ও তিরোধান দিবস উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করা হয়। লালন শাহের জীবন ও বাণী

নিয়ে অনেক আলোচনা হয়, লালনের গান-বাজনা হয়। বাস্তবে আমরা কতটুকু ধারণ করতে পারছি?

তিনি বলেন, বাউল সম্রাট ফকির লালন শাহ সকল ধর্মের সীমাবদ্ধতা ছাড়িয়ে সদা সত্য পথে চলতে মানুষকে মানবতাবাদীর পথে ডাক দিয়েছিলেন। তিনি অহিংস মানবতার ব্রত নিয়ে দেহতত্ব, ভাবতত্ব, গুরুতত্বসহ অসংখ্য গান সৃষ্টি করে গেছেন। তাঁর এই অমর সৃষ্টি সঙ্গীত কোন ধর্মের মধ্যেই সীমাবদ্ধ ছিল না।

হানিফ আরও বলেন, হানাহানির এই পৃথিবীতে যে অশান্তি চলছে। অসম প্রতিযোগীতার এই সময়ে বাউল লালন শাহ, রবীন্দ্রনাথ ঠাকুরের, সুফীবাদ ও বাউলতত্বকে বোঝার চেষ্টা করি তাহলে মনে হবে আমরা সহজভাবে আমাদের জীবনযাপন করতে পারবো। আর তাই বিশ্বময় এই হানাহানির যুগে লালনের অসাম্প্রদায়িক চিন্তা চেতনাকে ধারণ করে শান্তিময় এক সমাজ ব্যবস্থা গড়ে তুলতে হবে।

এসময় তিনি লালনের এই মতদার্শ ও ভাববাদ মানুষকে সহজ সরল পথে চলতে লালনের অমীয় বাণী সমাজের মধ্যে ছড়িয়ে দেওয়ার আহবান জানান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন লালন একাডেমির সভাপতি ও জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজা।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও কুষ্টিয়া জেলা প্রশাসনের সহযোগিতায় এবং লালন একাডেমির আয়োজনে অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে আলোচনা করেন বিশিষ্ট লেখক ও গবেষক এ্যাড. লালিম হক।

এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত কুষ্টিয়া-৪ (খোকসা-কুমারখালী) আসনের সংসদ সদস্য আব্দুর রউফ, কুষ্টিয়ার পুলিশ সুপার খাইরুল আলম, জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক আজগর আলী প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতেই অতিথিদের ফুল দিয়ে এবং উত্তরীয় পরিয়ে দেওয়া হয় এবং একতারা উপহার দেওয়া হয়।

প্রসঙ্গত, পবিত্র মাহে রমজানের পবিত্রতা রক্ষার্থে এবারের লালন স্বরণোৎসব-২০২৪ রমজান মাসে হওয়ার কারণে শুধুমাত্র একদিন আলোচনার মধ্যে (বিকেল ৩টা থেকে ৫টা পর্যন্ত) সীমাবদ্ধ ছিল। এছাড়াও লালন স্বরণোৎসব উপলক্ষে গ্রামীণ মেলা বন্ধ রয়েছে। তবে বাউল সাধু ও অনুসারীরা তাদের গুরুকার্য চালিয়ে যাবে।

উল্লেখ্য, বাউল সম্রাট লালন শাহ তার জীবদ্দশায় ছেঁউড়িয়ার এই আখড়াবাড়িতে প্রতি বছর চৈত্রের দোল পূর্ণিমা রাতে বাউলদের নিয়ে সাধু সঙ্গ উৎসব করতেন। ১২৯৭ বঙ্গাব্দের পহেলা কার্তিক তার মৃত্যুর পরও এ উৎসব চালিয়ে আসছে তার অনুসারীরা।

আমরা মূলত প্রান্তিক কৃষকদের মনে ভরসা জাগাতে চাই– তাহমিদুজ্জামান

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)র অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও কোম্পানি সেক্রেটারি এটিএম তাহমিদুজ্জামান বলেছেন, আমরা মূলত প্রান্তিক কৃষকদের মনে ভরসা জাগাতে চাই। কৃষকদের পাশে দঁড়াতে চাই।

তিনি বলেন, বাণিজ্যিক কৃষির বিকাশ ও দেশের খাদ্য নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্য নিয়ে আমরা প্রান্তিক কৃষকদের দোরগোড়ায় হাজির হয়েছি।

আজ শনিবার সকালে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে জেলার ৬টি উপজেলার প্রায় ২৫০জন নির্বাচিত কৃষিউদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদানকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, কৃষক যাতে সহজ শর্তে ঋণ গ্রহণ করে তাদের কাঙক্ষিত ফসল উৎপাদন ও বাজারজাত করতে পারেন, সেই উদ্দেশ্যেই আমরা প্রতিটি জেলায় কৃষি উদ্যোক্তাদের নিয়ে প্রশিক্ষণের আয়োজন করছি। আমরা আমাদের প্রকল্পের নাম দিয়েছি ‘ভরসার নতুন জানালা’। আমরা মূলত প্রান্তিক কৃষকদের মনে ভরসা জাগাতে চাই। কৃষকদের পাশে দঁড়াতে চাই।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশ টেলিভিশনের মাটি ও মানুষ অনুষ্ঠানের উপস্থাপক ও কৃষিতথ্য বিশ্লেষক রেজাউল করিম সিদ্দিক, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ-পরিচালক মো: টিপু

সুলতান, জেলা ভেটেরিনারি সার্জন ডা. কিশোর কুমার কুন্ডু, সদর উপজেলার সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মো: শরীফ হাসান সোহাগ, ইউসিবির এমএমই ব্যাংকিং বিভাগের প্রধান মো মোহসিনুর রহমান, বিভাগীয় প্রধান মো. মোল্লা মাসুদ পারভেজ প্রমুখ। স্বাগত বক্তব্য দেন ইউসিবির শাখা ব্যবস্থাপক মো. শরিফ হোসেন।

বাংলাদেশ টেলিভিশনের জনপ্রিয় অনুষ্ঠান ‘মাটি ও মানুষ’ অনুষ্ঠানের উপস্থাপক ও কৃষিতথ্য বিশ্লেষক রেজাউল করিম সিদ্দিক বলেন, দেশকে অর্থনৈতিকভাবে এগিয়ে নিতে চাইলে কৃষি উদ্যোক্তা তৈরির বিকল্প নেই। কোন ফসল কখন লাগাতে হবে, কোন জাতের বীজ বপণ করতে হবে, কখন তার ভালো দাম পাওয়া যাবে, কীভাবে বাজারজাতকরণ করতে হবে-এই জ্ঞান না থাকলে কৃষিতে সফল হওয়া যাবে না। নিজের উন্নতির জন্য কৃষকদের উদ্যোক্তা হতে হবে, উদ্যোক্তা হিসেবে ব্যবসায়িক জ্ঞান, কারিগরি জ্ঞান, দক্ষতা ও সক্ষমতা বাড়াতে হবে। ইউসিবি সেই কাজটিই করার চেষ্টা করছে।

উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী ইউসিবি সামাজিক দায়িত্বের অংশ হিসেবে কৃষিখাতে সহায়তা প্রদানের জন্য ‘ভরসার নতুন জানালা’ নামে একটি বিশেষ প্রকল্প বাস্তবায়ন করছে। এই প্রকল্পের আওতায় দেশের ৬৪ জেলায় প্রতিটি উপজেলা থেকে নির্বাচিত কৃষি উদ্যোক্তাদের নিয়ে প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে। ইতোমধ্যে ৪৫ জেলায় এই প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এসব প্রশিক্ষণে উদ্যোক্তা হিসেবে বিকাশের জন্য করণীয়, ব্যবসায়িক পরিকল্পনা, তথ্যপ্রাপ্তি, মূলধন, বাজারজাতকরণ, সরকারি কৃষি প্রণোদনা সহায়তা পাবার পথ-পদ্ধতি ইত্যাদি বিষয় নিয়ে কৃষি-উদ্যোক্তাদের ধারণা প্রদান করা হয়।

অনুষ্ঠান শেষে ইউসিবির পক্ষ থেকে প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের উপহার হিসেবে উন্নত মানের সবজি বীজ, সারসহ বিভিন্ন উপকরণ প্রদান করা হয়।

কুষ্টিয়ার মিরপুরে সড়ক দুর্ঘটনায় নিহত ১

কুষ্টিয়ার মিরপুর উপজেলার বহলবাড়ীয়া এলাকায় শ্যালো ইঞ্জিন চালিত লাটাহাম্বার ধাক্কায় নাজমুল ইসলাম (২৯) নামে এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন।

আজ শনিবার বিকেলের দিকে কুষ্টিয়া-ঈশ্বরদী সড়কের বহলবাড়ীয়া ইউনিয়নের খাদিমপুর আটমাইল এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত নাজমুল ইসলাম হলেন- নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলার বৃকাছুটিয়া এলাকার নজরুল ইসলামের ছেলে।

জানা গেছে, বিকেলের দিকে কুষ্টিয়ার নাটোর থেকে কুষ্টিয়া আসার পথে খাদিমপুর আটমাইল নামকস্থানে পৌঁছালে মোটরসাইকেল থেকে রাস্তার উপর ছিটকে পড়েন। এসময় বিপরীত দিক থেকে আসা শ্যালো ইঞ্জিন চালিত লাটাহাম্বারের চাকায় পিষ্ট হয়ে গুরুতর আহত হয়। এসময় আশঙ্কাজনক অবস্থায় স্থানীয়রা তাকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিলে চিকিৎসাধীন অবস্থায় নাজমুল ইসলামের মৃত্যু হয়।

এ তথ্য নিশ্চিত করেছেন কুষ্টিয়া চৌড়হাস হাইওয়ে থানার উপ পরিদর্শক জয়ন্ত কুমার দাশ।

কুষ্টিয়ায় ৬৭০টাকা কেজি দরে গরুর মাংস বিক্রি শুরু

কুষ্টিয়ায় সুলভ মূল্যে গরুর মাংস বিক্রয় কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকালে শহরের পৌরবাজারে এ কার্যক্রমের উদ্বোধন করা হয়।

জেলা প্রাণী সম্পদ অফিসের আয়োজনে এ কার্যক্রমের উদ্বোধন করেন কুষ্টিয়া অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (এডিএম) আব্দুল ওয়াদুদ।

এ সময় কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) পার্থ প্রতিম শীল, জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. মো. আল মামুন হোসেনসহ মাংস বিক্রেতা ও ভোক্তারা উপস্থিত ছিলেন।

জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. মো. আল মামুন হোসেন জানান, দীর্ঘদিন ধরে কুষ্টিয়ার বাজারগুলোতে গরুর মাংস ৭৫০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে।

আজ থেকে পৌরবাজারের একটি মাংসের দোকানে প্রতিদিন ৬৭০টাকা কেজি দরে গরুর মাংস বিক্রি করা হবে।
এদিকে সুলভ মূল্যে মাংস ক্রয় করতে পেরে বেশ খুশি ভোক্তারা।

কুষ্টিয়ায় মাছ ব্যবসায়ী হত্যা মামলায় ৩ আসামি গ্রেফতার

কুষ্টিয়ার কুমারখালী উপজেলার যদুবয়রা ইউনিয়নের উত্তর চাঁদপুর গ্রামের মাছ ব্যবসায়ী ও বিএনপি নেতা আমিরুল ইসলাম ওরফে নান্নু
(৪৫) হত্যা মামলায় আরো তিনজনকে গ্রেফতার করেছে র্যাব। গতকাল বুধবার রাতে ঢাকার খিলগাঁও এলাকা থেকে আসামিদের গ্রেফতার করা হয়।

আজ বৃহস্পতিবার (২১ মার্চ) দুপুরে এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছেন কুষ্টিয়া র্যাব-১২, সিপিসি-১ এর কোম্পানি কমান্ডার লে. কমান্ডার বি এন এম আবুল হাশেম সবুজ।

গ্রেফতারকৃতরা হলেন- যদুবয়রা ইউনিয়নের উত্তর চাঁদপুর গ্রামের আতাহার আলীর ছেলে মো. সবুজ আলী (৪৩), হেলাল উদ্দিনের ছেলে মো. বাবু (২৫) ও মো. আতাহারের ছেলে মো. সুমন (৪২)।

নিহত নান্নু উপজেলার যদুবয়রা ইউনিয়নের উত্তর চাঁদপুর গ্রামের মৃত আব্দুল জলিলের ছেলে এবং উপজেলা বিএনপির সাবেক সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক।

কুষ্টিয়া র্যাব -১২, সিপিসি-১ এর কোম্পানি কমান্ডার লে. কমান্ডার বিএন এম আবুল হাশেম সবুজ জানান, গত ১৪ মার্চ সন্ধ্যায়

ইফতার শেষে মোটরসাইকেল করে নান্নু কেশবপুর এলাকায় তার ইজারাকৃত পুকুরে মাছ পাহারা দিতে যাচ্ছিলেন। পথিমধ্যে আধিপত্য বিস্তার ও পূর্বশত্রুতার জেরে দুর্বৃত্তরা পরিকল্পিতভাবে নান্নুকে পিটিয়ে ও কুপিয়ে হত্যা করে এবং কলাবাগানে লাশ ফেলে পালিয়ে যায়। ঘটনার পরদিন নিহতের ভাই বাদী হয়ে কুমারখালী থানায় ১৬ জনকে আসামি করে মামলা করেন।

হত্যাকাণ্ডের ঘটনাকে কেন্দ্র করে ওই দিন রাতেই নিহত নান্নুর সমর্থকরা বেশকিছু ঘরবাড়িতে অগ্নিসংযোগ, ভাঙচুর ও লুটপাট করে। এসব ঘটনায় কুমারখালী থানায় দুইটি পাল্টাপাল্টি মামলা হয়েছে।

হত্যা মামলায় ঘটনার দিন আটককৃত যদুবয়রা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান মিজান গ্রেফতার হন। তিনি বর্তমানে জেলহাজতে রয়েছেন।

চাঞ্চল্যকর নান্নু হত্যা মামলার পলাতক তিনজন আসামিকে যৌথ অভিযানে গ্রেপ্তার করে জেলা গোয়েন্দা শাখায় হস্তান্তর করা হয়েছে। অন্যান্য আসামিদের গ্রেফতারে অভিযান অব্যাহত রয়েছে।

কুষ্টিয়ায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে যুবক নিহত

কুষ্টিয়ায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে মনির হোসেন (২২) নামের এক যুবক নিহত হয়েছে। আজ বৃহস্পতিবার বিকালে কুষ্টিয়া-রাজবাড়ী মহাসড়কের মোল্লাতেঘরিয়া এলাকায় মনির অক্সিজেনের সামনে এ দুর্ঘটনা ঘটে।

নিহত মনির হোসেন কুমারখালি উপজেলার কয়া আবাসন এলাকার বাসিন্দা।

পুলিশ ঘটনাস্থল থেকে নিহতের মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠিয়েছে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার বিকালের দিকে মনির হোসেন শহরের কাজ শেষে বাইসাইকেলযোগে বাড়ি

ফিরতেছিলো। এ সময় মোল্লাতেঘরিয়া এলাকায় মনির অক্সিজেনের সামনে একটি দ্রুতগামী ট্রাক তাকে চাপা দিলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

কুষ্টিয়ার ভেড়ামারাতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্থ কৃষকদের মাঝে খাদ্য সামগ্রী ও সহায়তা প্রদান

শেখ হাসিনা বাংলাদেশকে উন্নয়নের রোল মডেলে পরিণত করেছে বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ-এমপি।

তিনি বলেন, জাতির পিতা একটি অসাম্প্রদায়িক দেশের স্বপ্ন দেখেছিলেন। ক্ষুধামুক্ত, উন্নত ও আত্মমর্যাদাশীল দেশ হবে। যুদ্ধবিধ্বস্ত দেশকে সাড়ে তিন বছরের মাথায় সোনার বাংলা গড়ার দিকে এগিয়ে নিয়ে গেছেন বঙ্গবন্ধু। তাকে হত্যার মধ্য দিয়ে দেশের উন্নয়ন অগ্রযাত্রা ব্যাহত করা হয়েছে। অনেক চড়াই-উতরাই পেরিয়ে সংগ্রাম করে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০০৯ সাল থেকে বাংলাদেশ উন্নয়নের ধারায় ফিরেছে। যে বাংলাদেশ ব্যর্থ রাষ্ট্র হিসেবে চিহ্নিত ছিল আজকে সেই বাংলাদেশ বিশ্বে উন্নয়নের রোল মডেল।

আজ শনিবার (১৬মার্চ) সকালে ভেড়ামারা উপজেলার বাহাদুরপুর ইউনিয়নের মাধবপুর এলাকায় ভয়াবহ অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্থ কৃষক পরিবারের মাঝে খাদ্য সামগ্রী ও সহায়তা প্রদানকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, শেখ হাসিনা উন্নয়নের রোল মডেলে পরিণত করেছেন। একসময়

এই এলাকাটি চর এলাকা ছিল। এখন রাস্তা ঘাটসহ এলাকায় অনেক পাকা বাড়ী হয়েছে। এলাকার মানুষের উন্নয়ন হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষুধামুক্ত এবং দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়তে কাজ করে যাচ্ছেন বলেই এই উন্নয়ন সম্ভব হয়েছে।

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ-এমপি আরও বলেন, এমন ভয়াবহ আগুন যা আগে কখনো দেখিনি এই এলাকাবাসী।ক্ষতিগ্রস্ত কৃষকদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা ভেঙে পড়বেন না মনোবল হারাবেন না। আপনাদের ঘুরে দাঁড়ানোর জন্য যা যা করণীয় তাই করতে আমরা চেষ্টা চালিয়ে যাবো। এনজি থেকে যারা লোন নিয়েছেন আগামী ৬ মাসে কোন কিস্তির টাকা দেওয়ার জন্য চাপ প্রয়োগ না করে বিষয় টি দেখতে জেলা প্রশাসককে অনুরোধ করেন তিনি। একইসাথে বিনাসুদে ঋণ প্রদান করে ক্ষতিগ্রস্ত কৃষকরা যেন ক্ষতি পুষিয়ে উঠতে পারে এজন্য সংশ্লিষ্টদের প্রতি আহবান জানান।

বিশেষ অতিথির বক্তব্যে কুষ্টিয়া-২ (ভেড়ামারা-মিরপুর) আসনের সংসদ সদস্য মোঃ কামারুল আরেফিন বলেন, অগ্নিকান্ডের ঘটনার সময় আমি ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দীর্ঘদিন ধরে বন্ধ থাকা অপারেশন থিয়েটার চালুর অনুষ্ঠানে ছিলাম। এলাকার মানুষের জন্য হাসপাতালের অপারেশন চালুর পর এক প্রসুতি মায়ের সিজারিয়ান অপারেশনের মাধ্যমে নবজাতককে কোলে নিয়ে যখন আনন্দ উল্লসিত করছও ঠিক তখনই এই অগ্নিকাণ্ডের সংবাদ পেয়ে আমি নিজে ছুটে যায়। এবং আগুন নিয়ন্ত্রণে আনতে কাজ করি। একেএকে ফায়ার সার্ভিসের বারোটি ইউনিটের মাধ্যমে আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হই। ততক্ষণে পুড়ে ছারখার হয়ে যায় হাজারো কৃষকের স্বপ্ন। এরপর আমরা ক্ষতিগ্রস্ত কৃষকদের পাশে দাঁড়াতে আমাদের নেতা বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ এমপির পরামর্শে এবং সহায়তায় তাদের পাশে দাঁড়াতে পেরেছি। আমরা আজকে ৫০০ ক্ষতিগ্রস্ত কৃষকদের মাঝে খাদ্য সামগ্রী, শাড়ী, লুঙ্গি ও প্রত্যেককে দুই হাজার টাকা দিচ্ছি। এবং আমি কথা দিচ্ছি আগামী ঈদের সামনে বাকী ৩৬৬ জন ক্ষতিগ্রস্ত কৃষকদের মাঝে এমন সহায়তা প্রদান করবো পাশাপাশি এসব কৃষকরা যেন ক্ষতি কাটিয়ে পারে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবো ইনশাআল্লাহ।

অনুষ্ঠানে কুষ্টিয়া-২ (ভেড়ামারা-মিরপুর) আসনের সংসদ সদস্য মোঃ কামারুল আরেফিন-এমপি, কুষ্টিয়ার জেলা প্রশাসক মোঃ এহেতেশাম রেজা, ভেড়ামারা উপজেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব মোঃ রফিকুল আলম চুনু, ভেড়ামারা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব

আক্তারুজ্জামান মিঠু, ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আকাশ কুমার কুন্ডু, মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান ভারপ্রাপ্ত আবুল কাশেম জোয়ার্দার, জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান আবু হেনা মোস্তফা কামাল, ভেড়ামারা উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আলম জাকারিয়া টিপু ও বাহাদুরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল রানা পবন প্রমুখ।

পরে ক্ষতিগ্রস্ত ৫০০ পরিবারের প্রত্যেককে চাল, ডাল, তেল, খেজুর, সেমাই, চিনি, ছোলা, শাড়ী, লুঙ্গিসহ দুই হাজার নগদ টাকা প্রদান করা হয়।

কুষ্টিয়ায় এলিট ক্লাব জোনের শো-রুম উদ্বোধন

গ্রাহকদের চাহিদা, রুচিশীলতা, আধুনিকতা ও আয়ের সক্ষমতার কথা বিবেচনায় রেখে কুষ্টিয়া শহরে আধুনিক ডিজাইনের নারী-পুরুষের জন্য নানান ধরনের কালেকশন নিয়ে এলিট ক্লাব জোনের শোরুম উদ্বোধন করা হয়েছে। গতকাল রবিবার সন্ধ্যায় শহরের ছয় রাস্তা মোড়ে ফিতা কেটে এ শো রুমের উদ্বোধন করেন কুষ্টিয়া পৌরসভার ২ নং পৌর কাউন্সিলর খন্দকার মাজেদুল হক ধীমান।

এলিট ক্লাব জোনের স্বত্বাধিকারী মো: বিল্লাল এর সভাপতিত্বে এসময় কুষ্টিয়া চেম্বার কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির পরিচালক মেজবার রহমান, ডা: ফয়সাল আরেফিন রাজীব, কুষ্টিয়া সিটি কলেজের সহকারী অধ্যাপক রোটারিয়ান ওবাইদুর রহমান, রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা লেখক ও গবেষক ইমাম মেহেদী, ব্যবসায়ী আশফাক আহমেদ শিপলু, সময়ের কাগজের সহকারী সম্পাদক শফিউর রহমান হোলালসহ ব্যবসায়ী ও সুধীজন উপস্থিত ছিলেন।

এলিট ক্লাব জোনের স্বত্বাধিকারী মো: বিল্লাল জানান, এলিট ক্লাব জোনের সামগ্রীর মান ও দামের প্রতি বিশেষভাবে খেয়াল রেখে গ্রাহকদের উন্নত সেবা প্রদান করে যাচ্ছে। এর প্রোডাক্ট নিজস্ব ফ্যাক্টরিতে উন্নত প্রযুক্তিতে তৈরি।

প্রত্যেকটি পুরুষদের জন্য শার্ট, টি-শার্ট, পাঞ্জাবী, গ্যাবাডিন, জিন্স প্যান্ট সহ নারীদের তৈরী পোষাকের বিপুল সমাহার। কম মূল্যে আধুনিকতার ছোঁয়া দিতেই এলিট ক্লাব জোনের পণ্যসামগ্রী দেশব্যাপী ছড়িয়ে দিতে বদ্ধপরিকর বলেও জানান তিনি।

কুষ্টিয়ার ভেড়ামারায় আগুনে পুড়লো শতশত বিঘা পানবরজ

কুষ্টিয়ার ভেড়ামারায় আগুনে পুড়ে ছাই হয়ে গেছে কয়েকটি গ্রামের শতশত বিঘার পানের বরজ। আজ রবিবার দুপুরে উপজেলার রায়টা পাথরঘাটা গ্রামে ভয়াবহ এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। খবর পেয়ে ভেড়ামারা ও মিরপুর ফায়ার সার্ভিসের দুটি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করছে।

গোসাইপাড়া এলাকার বয়ষ্ক আবদুল লতিফ বলেন, দুপুর দেড়টার দিকে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ১০ মিনিটের মধ্যে পুরো মাঠে আগুন ছড়িয়ে পড়ে। মুহুর্তেই কয়েকশো বিঘার ওপরে পানের বরজ পুড়ে গেছে। সব পানের বরজ পুড়ে গেছে। কোটি টাকার ক্ষতি হয়েছে বলেও জানান তিনি। তবে এখনও আগুন নিয়ন্ত্রণে আনতে পারেনি।

ক্ষতিগ্রস্ত কৃষকরা বলেন, হঠাৎ পানের বরজে আগুন দেখতে পাই আমরা। কিছুক্ষণের মধ্যে আগুন পার্শ্ববর্তী ক্ষেতগুলোতেও ছড়িয়ে পড়ে। ১০০ বিঘা পানের বরজ পুড়ে ছাই হয়ে গেছে। আগুনের লেলিহান শিখা দাউদাউ করে জ্বলছে। পানবরজ পুড়ে আশেপাশের বসতবাড়ীতেও জ্বলছে এ আগুন।

ফায়ার সার্ভিসের সহকারী পরিচালক রফিকুজ্জামান বলেন, আগুন নিয়ন্ত্রণে ভেড়ামারা, কুষ্টিয়া, কুমারখালী, মিরপুর, ঈশ্বরদী, মেহেরপুর ও চুয়াডাঙ্গা থেকে ফায়ার সার্ভিসের টিম কাজ করেছে। আগুন দুই কিলোমিটার ছড়িয়ে পড়ে। দাউদাউ করে জ্বলে ওঠো।

কুষ্টিয়া ফায়ার সার্ভিসের সহকারী পরিচালক জানে আলম জানান, দুপুরে রায়টা পাথরঘাট মাঠের একটি পানের বরজে আগুন লাগে। পরে পাশের বরজেও আগুন ছড়িয়ে পড়ে। এভাবে পুরো মাঠে আগুন ছড়িয়ে পড়ে। তবে ওই এলাকায়

পানি না থাকায় আমাদের রিজার্ভ পানি দিয়ে আগুন নেভানোর চেষ্টা করছিলাম। এছাড়া প্রচণ্ড বাতাসের কারণে আগুন নেভাতে বেগ পেতে হয়েছে। আগুন এখন নিয়ন্ত্রণে রয়েছে।

বাহাদুরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল রানা জানান, রায়টা থেকে শুরু করে রায়টা, মাধবপুর ও গোসাইপাড়া এলাকার কয়েকশত বিঘা পানের বরজ পুড়ে ছাই হয়ে গেছে। আগুনে কয়েক কোটি টাকার ক্ষয়ক্ষতির আশঙ্কা করছি।

এদিকে ঘটনাস্থল পরিদর্শন করেছেন কুষ্টিয়া ২ আসনের সংসদ সদস্য কামারুল আরেফিন, উপজেলা নির্বাহী কর্মকর্তা ইউএনও আকাশ কুমার কুন্ডু।

ডাক বিভাগকে লাভজনক প্রতিষ্ঠানে রুপান্তর করা হবে: পলক

ডাক বিভাগকে লাভজনক প্রতিষ্ঠানে রুপান্তর করা হবে বলে জানিয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।

তিনি বলেন, সার্ভিস ডেলিভারি, ব্যাংকিং, ই-কমার্স ও বীমা এই ৪টি সেবা পাবলিক-প্রাইভেট ও মিডিয়া পার্টনারশিপের সমন্বয়ে আগামীর সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশের জন্য স্মার্ট ডাক বিভাগ গড়ে তুলবো। আমার দৃঢ় বিশ্বাস, আগামীর সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ ও স্মার্ট ইকোনমি তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে স্মার্ট ডাক বিভাগ।

গতকাল শনিবার রাতে কুষ্টিয়া প্রধান ডাক ঘর চত্বরে ডাক অধিদপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের আওতায় নব-নির্মিত প্রধান ডাক ভবনের উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ সব কথা বলেন।

তিনি বলেন, ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার জন্য আমরা গত ১৫ বছরে

দক্ষ মানবসম্পদ তৈরি করেছি, ইন্টারনেট সহজলভ্য করেছি; যার ফলে আইটি সেক্টরে ১০ লক্ষ কর্মসংস্থান তৈরি হয়েছে, ১৩ লক্ষ ইন্টারনেট ব্যবহারকারী তৈরি হয়েছে এবং আইসিটি একটি রপ্তানি খাত হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। আমাদের পরবর্তী ধাপ হচ্ছে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ। ৪টি স্তম্ভের উপর ভিত্তি করে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের সকল সেবাদানকারী প্রতিষ্ঠানের সেবার মান ও পরিধি আরও বৃদ্ধি করে আমাদের প্রত্যেকটা প্রতিষ্ঠানকে স্মার্ট প্রতিষ্ঠান হিসেবে তুলে ধরবো।

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের আওতায় আগামী ৬ মাসের মধ্যে অলাভজনক প্রতিষ্ঠান দেশের ৬৪ জেলার ডাক বিভাগকে লাভজনক প্রতিষ্ঠানে রুপান্তর করা হবে বলেও উল্লেখ করেন তিনি।

এ সময় অতিরিক্ত জেলা প্রশাসক মিজানুর রহমান, অতিরিক্ত ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল আমিনুর রহমান, কুষ্টিয়া ডেপুটি পোস্ট মাস্টার মিরাজুল হক, ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল (ইএমসি) খন্দকার মাহবুব হোসেন, কুষ্টিয়া প্রধান ডাক ঘরের পোস্ট মাস্টার আবুল কালাম আছাদ, সুপার অলক কুমার বিশ্বাসসহ স্থানীয় রাজনীতিবিদ, গণমাধ্যম কর্মীরা উপস্থিত ছিলেন।

পরে মন্ত্রী কালিশংকপুরে শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার এর নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শন করেন।